



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(২০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৬৭.০১.০৩৮.২৩.৬৬০

তারিখঃ- ২৩ শ্রাবণ' ১৪৩০ বঙ্গঃ
০৭ আগস্ট ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ- মূদ্রন সামগ্রী সরবরাহের রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহ্বান প্রসঙ্গে।

নিম্নের বর্ণনা অনুযায়ী মূদ্রন সামগ্রী সরবরাহের জন্য RFQ পদ্ধতিতে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

RFQ নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০২/২০২৩- ২০২৪	২২তম বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি সাইজ- ৯.৯" x ৭.৪", ৪৭ গ্রাম সুপার নিউজ প্রিন্ট কাগজে ১ পাতার ১ পৃষ্ঠা কালো কালির মূদ্রণ (সংযুক্ত নমুনা মোতাবেক)	৩,৯৫,০০০ কপি		
	নির্বাচন সংক্রান্ত জাতব্য বিজ্ঞপ্তি সাইজ- ১৪.৮" x ৯.৯", ৪৭ গ্রাম সুপার নিউজ প্রিন্ট কাগজে অফসেট ছাপা ২ পাতার উভয় পৃষ্ঠা মূদ্রণ (সংযুক্ত নমুনা মোতাবেক)	১,০৫,০০০ কপি		
		মোট =		


কথায়-

- ০১। রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ১৪/০৮/২০২৩ তারিখ, দুপুর ১১:০০ ঘটিকা।
- ০২। (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।
- ০৩। (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান: ১৪/০৮/২০২৩ তারিখ, দুপুর ১১:০৫ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

শর্তাবলীঃ-

- ০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগত ভাবে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাস্তবে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর, ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) সংক্রান্ত প্রমানকের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৩। খামের উপর "মূদ্রণ সামগ্রী সরবরাহ" কথাটি স্পষ্টাকারে লিখতে হবে এবং ১৪/০৮/২০২৩ তারিখ ১১.০৫ ঘটিকার পূর্বে খোলা যাবেনা মর্মে লিখতে হবে! অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।
- ০৪। দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাকারে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।


- ০৫ ॥ দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে ।
- ০৬ ॥ দরপত্র বা মালামালের স্পেসিফিকেশন সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ০৭ ॥ সর্বনিম্ন ও সর্বোত্তমভাবে রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান মালামাল ডেলিভারী প্রদানের প্রাক্কালে পবিসের এক বা একাধিক কর্মকর্তার উপস্থিতিতে মালামালের গুণগত মান (নমুনা মোতাবেক) সন্তোষজনক হওয়া সাপেক্ষে মালামাল গ্রহন করা হবে ।
- ০৮ ॥ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অবশ্যই মালামাল সরবরাহ করতে হবে ।
- ০৯ ॥ দরপত্রে উল্লেখ নাই এমন কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার সকল ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোঃ জিবুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১ ॥ জেলা প্রশাসক, খুলনা।
- ০২ ॥ পুলিশ সুপার, খুলনা।
- ০৩ ॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
- ০৪ ॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ০৫ ॥ উপজেলা নির্বাহী কর্মকর্তা, বটিয়াঘাটা/তেরখাদা/দাকোপ/ডুমুরিয়া/পাইকগাছা/কয়রা, খুলনা।
- ০৬ ॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪
- ০৭ ॥ নির্বাহী প্রকৌশলী (সিস্টেম অপারেশন ও বিতরণ), বাপবিবো, খুলনা ।
- ০৮ ॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খুলনা।
- ০৯ ॥ সহকারী প্রকৌশলী, বাপবিবো, খুলনা।
- ১০ ॥ ডিজিএম, পাইকগাছা/সেনেরবাজার/ডুমুরিয়া/ কয়রা জোনাল অফিস/(সদর-কারিগরি), খুলনা পবিস।
- ১১ ॥ এজিএম (ওএন্ডএম), দাকোপ/ তেরখাদা/শাহপুর সাব-জোনাল অফিস, খুলনা পবিস।
- ১২ ॥ এজিএম (অর্থ/ওএন্ডএম/ ইএন্ডসি/ এমএস), খুলনা পবিস।
- ১৩ ॥ এজিএম (আইটি), খুলনা পবিস। (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
- ১৪ ॥ মেসার্স -----।
- ১৫ ॥ নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
- ১৬ ॥ অফিস/মাষ্টার কপি ।

নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।


জেনারেল ম্যানেজার
খুলনা পবিস ।

১০